হাসপাতালে প্রেমিকার লাশ রেখে পালাল প্রেমিক

ময়মনসিংহের ফুলপুরে সাবিনা (১৭) নামের এক তরুণীর লাশ ফেলে কথিত প্রেমিক পালিয়েছে বলে অভিযোগ উঠেছে। বুধবার দিবাগত রাত সাড়ে ১১টার দিকে ফুলপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ ঘটনা ঘটে। পরে এ ঘটনায় কথিত প্রেমিক কামরুলের মা ফিরোজা খাতুনসহ তিনজনকে আটক করা হয়েছে।

হাসপাতাল সূত্রে জানা যায়, অসুস্থ সাবিনাকে ফুলপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে প্রেমিক কামরুল, তার বাবা আব্দুল বারেক, মা ফিরোজা খাতুন ও আরো কয়েকজন। সেখানে নেওয়ার পর সাবিনা মারা গেলে মা ফিরোজা খাতুনকে রেখে প্রেমিক কামরুল ও অন্যরা পালিয়ে যায়।
জানা যায়, ময়মনসিংহের ফুলপুর উপজেলার রহিমগঞ্জ ইউনিয়নের মাটিচাপুর গ্রামের আব্দুল বারেকের ছেলে কামরুল ও একই জেলার হালুয়াঘাট উপজেলার নড়াইল ইউনিয়নের কুমুরিয়া (বস্তিপাড়া) গ্রামের লিয়াকত আলী খাঁর মেয়ে সাবিনা গাজীপুর কোণাপাড়া রোডে নাওজোড়া এলাকায় মাস্টার সেন্ট নামে একটি গার্মেন্টসে কাজ করতো। সে সুবাদে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক হয়।

সাবিনার বাবা ভ্যানচালক লিয়াকত আলী খাঁ বলেন, তাদের ওই সম্পর্কের বিষয়টি আমরা কেউ জানি না। আমার ধারণা, মেয়েকে অপহরণের পর হত্যা করা হয়েছে। মা গৃহপরিচারিকা বেগম, বড়বোন গার্মেন্টসকর্মী রুনা ও দৃষ্টিপ্রতিবন্ধী বড় ভাই কামালের সাথে সাবিনা গাজীপুরের তেলিপাড়ায় থাকতো।

তারা জানান, প্রতিদিনের ন্যায় মঙ্গলবার সকালে সাবিনা গার্মেন্টসে যায়। নির্ধারিত সময়ে বাসায় না ফিরলে পরিবারের সদস্যরা তাকে খোঁজাখুজি করতে থাকে। কোথাও খুঁজে পাওয়া যাচ্ছিল না। এরই মধ্যে বুধবার মধ্য রাতে ফুলপুর থানা থেকে সাবিনার মৃত্যু সংবাদ পান তারা।

এ বিষয়ে জানতে চাইলে ফুলপুর থানার ওসি ইমারত হোসেন গাজী বলেন, সাবিনার লাশে আমরা কোন আঘাত বা চিহ্ন খুঁজে পাওয়া যায়নি। মেডিকেল রিপোর্টের পর প্রকৃত ঘটনা জানা যাবে। এছাড়া এ বিষয়ে